

ইঁদুর নিধন সংক্রান্ত কিছু টিপস

- ধান চাষের ক্ষেত্রে বীজতলায় এবং ধানের কুশি স্তর থেকে খোড় হওয়ার আগ পর্যন্ত খাদ্য না থাকায় ইঁদুর সহজেই এ সময় বিষটোপ খেয়ে থাকে বিধায় এ সময়ে দমন ব্যবস্থা নেয়া উচিত। তবে মনে রাখতে হবে ফসলের খোড় থেকে পাকা অবস্থা ইঁদুরের দমন ব্যবস্থা তেমন একটা কার্যকর হয় না।
- ফেব্রুয়ারি-মার্চ মাসে গমের খোড় বের হওয়ার আগে দমন ব্যবস্থা নিতে হয়।
- সবজি, বাদাম, আলু ফসলের ক্ষেত্রে ফসল লাগানোর সময় এবং ফল ধরার আগে দমন ব্যবস্থা নেয়া উচিত।
- আনারস, আম, নারিকেল, জাম্বুরা ও অন্যান্য ফলের ক্ষেত্রে ফল ধরার আগ থেকে কর্তনের আগ পর্যন্ত গাছের চারপাশে ও আক্রান্ত ফলের পাশে দমন ব্যবস্থা নেয়া উচিত।
- ইঁদুরের ফাঁদ ভীতি কাটানোর জন্য প্রথম ২-৩ দিন ফাঁদের মুখ খোলা রেখে স্থাপন করা উচিত।
- ফাঁদে টোপ হিসেবে শটকী মাছ, নারিকেলের টুকরা, কলা, বিস্কুট, রুটি, আম, আলু, চাল ভাজা ইত্যাদির সাথে কার্বন ডাই সালফাইড (CS₂) মিশ্রিত করে ব্যবহার করলে ভাল ফল পাওয়া যায় (৫০-৬০%)।
- মরণ ফাঁদ ইঁদুর চলাচলের রাস্তায় আড়াআড়িভাবে দেয়ালের বিপরীতে পাতা উচিত কেননা তাতে দুই দিক থেকে ইঁদুর ফাঁদে পড়ার সম্ভাবনা থাকে। ফাঁদে স্ত্রী বা পুরুষ ইঁদুরের মলমূত্র, গায়ের গন্ধযুক্ত টোপ ব্যবহার করলে ভাল ফল পাওয়া যায়।
- মাঠে ইঁদুরের টাটকা গর্তের উঠানো মাটির ৩০ সে.মি. দূরে টোপসহ ফাঁদ পাততে হবে।
- একমাত্রা বিষটোপ (Acute poison-যেমন, অ্যালুমিনিয়াম ফসফাইড / জিংক ফসফাইড) পর পর ২-৩ রাত ব্যবহারের পর সেই স্থানে পরবর্তী এক মাস আর এ বিষটোপ ব্যবহার না করাই উত্তম।
- অ্যালুমিনিয়াম ফসফাইড ট্যাবলেট / ফসটক্সিন ট্যাবলেট যা গ্যাস বড়ি নামে পরিচিত। এই গ্যাস বড়ি নতুন সচল গর্তের মধ্যে দিয়ে ওই গর্তসহ অন্যান্য সব গর্তের মুখ কাঁদা মাটি দিয়ে বন্ধ করে দিলে গর্তে আটকা পড়া ইঁদুর মারা যায়।
- ঘরে অথবা গুদামের যেখানে গর্ত আছে সেখানে গর্তের সম্মুখ পাত্রে বিষটোপ প্রয়োগ করতে হবে। যদি গর্ত না থাকে তবে ইঁদুরের সম্ভাব্য উপস্থিতির স্থানগুলোতে বিষটোপ প্রয়োগ করতে হবে। কমপক্ষে ২০-৩০ দিন পর পর বিষটোপ প্রয়োগ করতে হবে। জিংক ফসফাইড বিষটোপ ঘন ঘন ব্যবহার করা উচিত নয়।
- নারিকেল বাগানে প্রত্যেক গাছে বিষটোপ প্রয়োগ না করে প্রতি ১০টি নারিকেল গাছের জন্য একটি গাছে একবার প্রয়োগ করতে হবে।
- আনারস বাগানে ফল ধরার সময় প্রতি একরে ১২টি বিষটোপ প্রতি পাত্রে ৫০ গ্রাম করে দিয়ে স্থাপন করলে ভাল ফল পাওয়া যায়।